



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

ঋণ ও অগ্রিম বিভাগ

ঋণ পরিপত্র নং- ১২/২০১৭

তারিখ: ১২ জানুয়ারি ২০১৭

সকল বিভাগীয় কার্যালয় প্রধান/

সকল আঞ্চলিক ব্যবস্থাপক/

সকল শাখা ব্যবস্থাপক।

বিষয় : ৪,০০,০০০/- টাকার উর্ধ্বে ঋণ মঞ্জুরির প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে সুনির্দিষ্ট সুপারিশ/মতামত প্রদান।

ঋণের গুণগত মান, স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণ এবং বিভাগীয় কার্যালয়/প্রধান কার্যালয়ে ঋণ মঞ্জুরির প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে আঞ্চলিক ব্যবস্থাপক ও বিভাগীয় কার্যালয় প্রধানের সুপারিশ/মতামত প্রদানের বিষয়ে ৫ জানুয়ারি ২০১৭ তারিখে অনুষ্ঠিত পরিচালনা বোর্ডের ২৪০ তম সভায় প্রস্তাব উপস্থাপন করা হলে বিস্তারিত আলোচনার পর পরিচালনা বোর্ড কর্তৃক তা নিম্নরূপভাবে অনুমোদিত হয় :

বিষয়	বিদ্যমান	সংশোধিত
বিভাগীয় কার্যালয় ও প্রধান কার্যালয়ে ঋণ প্রস্তাব প্রেরণ	ঋণের গুণগত মান, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) টাকার উর্ধ্বে এবং ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকার কম ঋণ প্রস্তাব যাচাই বাছাইপূর্বক সঠিক বিবেচিত হলে আঞ্চলিক ব্যবস্থাপকগণ ঋণ মঞ্জুরির সুপারিশ করে প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগে প্রেরণ করতে হবে। তবে ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা বা তদূর্ধ্ব পরিমাণ ঋণ প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে অবশ্যই আঞ্চলিক ব্যবস্থাপক কর্তৃক সরেজমিনে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদনসহ সুপারিশ পেশ করতে হবে।	ঋণের গুণগত মান, স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণের লক্ষ্যে- ক) ৪,০০,০০১/- হতে ৬,০০,০০০/- টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে প্রস্তাব প্রাপ্তির পর আঞ্চলিক ব্যবস্থাপক কর্তৃক যথাযথভাবে যাচাই-বাছাই ও মূল্যায়নপূর্বক সুপারিশ/মতামতসহ বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করতে হবে। খ) ৬,০০,০০১/- হতে ১০,০০,০০০/-টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে প্রস্তাব প্রাপ্তির পর আঞ্চলিক ব্যবস্থাপক কর্তৃক সরেজমিনে তদন্তপূর্বক সুনির্দিষ্ট সুপারিশ/মতামতসহ বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং বিভাগীয় কার্যালয় কর্তৃক উক্ত ঋণ প্রস্তাব প্রাপ্তির পর যথাযথভাবে যাচাই-বাছাই ও মূল্যায়নপূর্বক সুপারিশ/মতামতসহ প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগে প্রেরণ করতে হবে। গ) ১০,০০,০০০/- টাকার উর্ধ্বে ঋণের ক্ষেত্রে প্রস্তাব প্রাপ্তির পর আঞ্চলিক ব্যবস্থাপক কর্তৃক যথাযথভাবে মূল্যায়নপূর্বক মতামতসহ বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করতে হবে। উক্ত প্রস্তাব প্রাপ্তির পর বিভাগীয় কার্যালয় প্রধান ও আঞ্চলিক ব্যবস্থাপক এর সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক সরেজমিনে তদন্তপূর্বক সুনির্দিষ্ট সুপারিশ/মতামতসহ প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগে প্রেরণ করতে হবে।


০২। আঞ্চলিক ব্যবস্থাপক/বিভাগীয় কার্যালয় প্রধান কর্তৃক প্রস্তাব প্রাপ্তির পর প্রযোজ্য ক্ষেত্রে সরেজমিনে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদনে ক) উদ্যোক্তার চরিত্র ও প্রশিক্ষণ/ অভিজ্ঞতা, খ) প্রকল্পের অবকাঠামো, গ) উৎপাদিত পণ্য বাজারজাতকরণ, ঘ) জামানতি সম্পত্তির মালিকানা/দখলস্বত্ব ও বাজারমূল্য নির্ধারণ, ঙ) প্রকল্পের ভবিষ্যত সম্ভাবনা, চ) কর্মসংস্থান সৃষ্টি সংক্রান্ত প্রাসঙ্গিক তথ্যাবলি উল্লেখ করতে হবে।

০৩। এমতাবস্থায়, বিভাগীয় কার্যালয়/প্রধান কার্যালয়ে ঋণ মঞ্জুরির প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে আঞ্চলিক ব্যবস্থাপক/বিভাগীয় কার্যালয় প্রধান কর্তৃক সুপারিশ/মতামত প্রদানের সংশোধিত নীতিমালা যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া গেল।

০৪। সংশোধিত নীতিমালা মোতাবেক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে কেউ যাতে অহেতুক হয়রানির শিকার না হয় সে বিষয়ে লক্ষ্য রাখার জন্যও নির্দেশ দেয়া হলো।

০৫। বিদ্যমান ঋণ নীতিমালার অন্যান্য বিষয় ও শর্ত অপরিবর্তিত থাকবে।

০৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(মো: আব্দুল মান্নান)
মহাব্যবস্থাপক

সূত্র নং : কেবি/প্রকা/ঋঅবি-০৭(০২)/২০১৬-২০১৭(৩৭৭(২৬৯)/০৮

তারিখ : ১২ জানুয়ারি ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে ব্যাংকের ওয়েবসাইট হতে পরিপত্রের কপি সংগ্রহের জন্য অনুরোধ করা হলো:

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/পরিচালন/হিসাব/নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৩। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৪। উপ-মহাব্যবস্থাপক, আইটি ও প্রকৌশল বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে সন্নিবেশিত করার জন্য অনুরোধ করা হলো;
- ৫। বোর্ড সচিব, পর্বদ সচিবালয় ও জনসংযোগ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৬। অফিস নথি।


(গৌতম সাহা)
উপ- মহাব্যবস্থাপক
☎: ০২-৯৫৭১৭৭৯

বেকার যুবদের বিমুক্ত বন্ধু।